



তথ্যবিবরণী

নম্বর-০৪৪

বিভাগীয় ও জেলা সঞ্চয় দপ্তরের তথ্য অধিকার আইন বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৩ আশ্বিন (১৮ সেপ্টেম্বর):

রাজশাহী বিভাগীয় সঞ্চয় দপ্তর ও জেলা সঞ্চয় অফিসের উদ্যোগে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে এক সভা আজ (১৮ সেপ্টেম্বর) বিকালে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় সঞ্চয় দপ্তরের উপপরিচালক হোসনে আরা বেগম। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগীয় সঞ্চয় দপ্তরের সহকারী পরিচালক ওয়াসিম আহমেদ।

প্রধান অতিথির বক্তৃতায় উপপ্রধান তথ্য অফিসার বলেন, 'তথ্য অধিকার আইন একটি নাগরিকবান্ধব আইন। এই আইন প্রয়োগে নাগরিক ব্যক্তিগতভাবে যেমন সুবিধা লাভ করেন তেমনি এর মাধ্যমে কর্তৃপক্ষের জবাবদিহিতাও নিশ্চিত হয়। আইনটির বয়স পনেরো বছর পার হলেও এখনও দেখা যায়, অনেকেই আইনটির বিষয়ে জানেন না। আবার যারা এই আইনের নাম শুনেছেন তাদের মধ্যেও অনেকে তথ্যের জন্য কীভাবে আবেদন করতে হয় সে বিষয়ে অবগত নন। ফলে আবেদন প্রক্রিয়ায় ত্রুটি থাকায় অনেকে আবেদন, আপিল এমনকি অভিযোগ করেও তথ্য থেকে বঞ্চিত হন।

তিনি তথ্য চাওয়ার ক্ষেত্রে তথ্য সুনির্দিষ্ট হওয়া এবং যথাযথ প্রক্রিয়ায় তথ্যের জন্য আবেদন করার উপর গুরুত্বারোপ করেন।

সভায় তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে তথ্য পাওয়ার পদ্ধতি ও করণীয় বিষয়ে ধারণা প্রদান করা হয়।

সঞ্চয় দপ্তর ও পিআইডি'র কর্মকর্তা-কর্মচারী এবং সঞ্চয়পত্রের গ্রাহকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/২০২৪/১৭.০০ ঘ.